মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা ।

নং : ১/ক/কিশ/ ৫৪৬ তারিখ : ২২/০২/০৫

প্রেরক : বিদ্যালয় পরিদর্শক,
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড,
ঢাকা ।

প্রাপক : প্রধান শিক্ষক/প্রধান শিক্ষিকা,
বড়িবাড়ী মাধ্যমিক ................................ XXX বিদ্যালয়
ডাকঘর বদলা ............... থানা ইটনা ......... জেলা কিশোরগঞ্জ ....... ।

বিষয়: প্রথম স্বীকৃতি দান/স্বীকৃতির সময়সীমা বৃদ্ধি । (সহ)

নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, নিম্নোক্ত শর্তসমূহের অধীনে বড়িবাড়ী মাধ্যমিক ............... উচ্চ বিদ্যালয়কে ০১-০১-২০০৪ ......... তারিখ থেকে ৩১-১২-২০০৬ইং তারিখ পর্যন্ত ৩ (তিন) ..... বছরের জন্য অস্থায়ীভাবে প্রথম স্বীকৃতি সহ/স্বীকৃতির সময়সীমা বৃদ্ধি করা হল । বিদ্যালয়ে জাতীয় পাঠ্যক্রম ও পাঠ্যপুস্তক বোর্ডের নির্ধারিত পাঠ্যসূচি ও কেবলমাত্র বোর্ড কর্তৃক অনুমতিপ্রাপ্ত বিষয়সমূহ পাঠ দান করতে হবে এবং প্রদত্ত মেয়াদকালের মধ্যে পরবর্তী স্বীকৃতির সময়সীমা বৃদ্ধির জন্য ফি জমাসহ আবেদন পেশ ও আরোপিত শর্তাদি পূরণের ব্যবস্থা করতে হবে ।

"শর্তসমূহ"

(১) প্রশিক্ষণ বিহীন স্নাতক শিক্ষক/শিক্ষিকাগণকে পর্যায়ক্রমে প্রশিক্ষণে প্রেরণসহ জুনিয়র শিক্ষক/শিক্ষিকাদের শিক্ষাগত যোগ্যতা বৃদ্ধির জন্য বিধি মোতাবেক সুযোগ দিতে হবে ।

(২) বিদ্যালয়ের স্থায়ী শিক্ষক/শিক্ষিকাগণের জন্য গ্রুপ ইন্সুরেন্স ও প্রভিডেন্ট ফান্ডচালু করে বোর্ডকে অবহিত করতে হবে ।

(৩) একজন প্রশিক্ষণ প্রাপ্ত শরীরচর্চা শিক্ষক নিয়োগ করে শিক্ষার্থীদের বাধ্যতামূলকভাবে খেলাধুলায় অংশগ্রহণ করানো এবং খেলাধুলার মানোন্নয়নে সচেষ্ট হতে হবে ।

(৪) বিজ্ঞানাগারের জন্য কমপক্ষে ৫,০০০/০০ (পাঁচ হাজার) টাকার প্রয়োজনীয় বৈজ্ঞানিক সরঞ্জামাদি ক্রয় করে ভাউচারসহ সরঞ্জামের তালিকা পেশ করতে হবে ।

(৫) বিদ্যালয় পাঠাগারে, মান সম্মত বিষয়ভিত্তিক আরও ৩০০০/০০ (তিন হাজার) টাকার বই ক্রয় করে ভাউচার ও বইয়ের তালিকা জমা দিতে হবে এবং শিক্ষার্থীদের জ্ঞান প্রসারের লক্ষ্যে তাদের নিকট নিয়মিত বইসরবরাহ করে পাঠাভ্যাস গড়ে তোলার জন্য উৎসাহিত করতে হবে ।

(৬) খেলাধুলার মাঠ উন্নয়নসহ বিদ্যালয় আংগিনায় ফুলের বাগান তৈরী এবং বিদ্যালয়ের চারপাশে অধিক সংখ্যক মূল্যবান গাছের চারা রোপন করে বিদ্যালয়ের সৌন্দর্য্য ও আয় বৃদ্ধির ব্যবস্থা করতে হবে ।

(৭) বিদ্যালয়ে স্কাউটিং/গার্লস গাইড প্রবর্তন করে নিয়মিত খেলাধুলা, বিতর্ক প্রতিযোগিতা, সাংস্কৃতিক কার্যক্রমসহ অন্যান্য সহপাঠক্রম কার্যাদির বার্ষিক রিপোর্ট জেলা শিক্ষা অফিসারের মাধ্যমে বোর্ডে পাঠাতে হবে ।

(স্বাক্ষর) ২২/২/০৫
বিদ্যালয় পরিদর্শক,
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড,
ঢাকা ।

(স্বাক্ষর) ২২/২/০৫

মেমো নং ................ তারিখ : ................

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল :-

(১) মহা-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা ।

(২) পরিচালক, ব্যানবেইস, নীলক্ষেত, ঢাকা ।

(৩) পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা ।

(৪) সিষ্টেম এনালিষ্ট, ঢাকা শিক্ষা বোর্ড কম্পিউটার কেন্দ্র ।

(৫) জেলা প্রশাসক, কিশোরগঞ্জ ...............

(৬) উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, XXXXXXXXXXXXX ময়মনসিংহ অঞ্চল, ময়মনসিংহ ।

(৭) জেলা শিক্ষা অফিসার, কিশোরগঞ্জ ...............

(৮) সহকারী বিদ্যালয় পরিদর্শক (রেজিষ্ট্রেশন শাখা) ।

(৯) অফিস কপি ।